



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.১৯৬

তারিখ: ১১ আষাঢ়. ১৪২৭

২৫ জুন ২০২০

বিষয়: জনাব আবুল কাশেম, প্রভাষক(সমাজকর্ম) এর গুরুতর অসদাচরণের অভিযোগ তদন্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জাতীয়করণকৃত মদনমোহন কলেজের একজন শিক্ষকের গুরুতর অসদাচরণের প্রতিকার চেয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাউশিতে আবেদন করেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান যে, গত ৫/০১/২০২০ খ্রি. তারিখে শিক্ষক পরিষদ নির্বাচনের জরুরি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সমাজকর্ম বিষয়ের প্রভাষক জনাব আবুল কাশেম শিক্ষক মিলনায়তনে প্রবেশ করে উত্তেজিতভাবে আপত্তিকর মন্তব্যসহ বিজ্ঞপ্তিটি ছিড়ে টুকরো করে বের হয়ে যান। ঐ সময়ে শিক্ষক মিলনায়তনে ৩ জন শিক্ষক ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরের দিন শিক্ষক মিলনায়তনে সভার শুরুতে প্রভাষক জনাব আবুল কাশেম মারাত্মক উত্তেজিত ভঙ্গিতে মারমুখী হয়ে আপত্তিকর শব্দ ব্যবহার করে ভারপ্রাপ্ত অধ্যক্ষকে মারার চেষ্টা করেন। উক্ত সভায় প্রায় ৪০ জন শিক্ষক উপস্থিত ছিলেন। সমাজকর্ম বিষয়ের প্রভাষক জনাব আবুল কাশেম কর্তৃক নজীরবিহীন গুরুতর অসদাচরণের প্রতিকার চেয়ে আবেদন করেন।

অভিযোগটি তদন্তের জন্য সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, সিলেট কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, অভিযোগটি তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

২৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

সহকারী পরিচালক (কলেজ)

কলেজ শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.১৯৬/১(৩)

তারিখ: ১১ আষাঢ়. ১৪২৭

২৫ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;
- ২) অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), মদনমোহন কলেজ, সিলেট;
- ৩) সংরক্ষণ নথি।

২৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক